যুগান্তর

প্রিন্ট: ২৬ জুলাই ২০২৬, ০১:৩০ পিএম

শিক্ষাঙ্গন

# উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি পরীক্ষা শুরু ২৪ জুলাই

গাজীপুর প্রতিনিধি

প্রকাশ: ২৩ জুলাই ২০২৬, ০৭:১৪ পিএম




ফাইল ছবি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) পরিচালিত এইচএসসি প্রোগ্রাম-২০২৬ এর পরীক্ষা পূর্বঘোষিত সময়সূচি অনুযায়ী আগামীকাল (২৪ জুলাই) থেকে দেশব্যাপী একযোগে শুরু হচ্ছে।

সারা দেশে অবস্থিত বিভিন্ন সরকারি ও বেসরকারি কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে সর্বোমোট ২১৬টি কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে।

প্রথম ও দ্বিতীয় বর্ষে মোট ৪৭ হাজার ৪১ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবেন। পরীক্ষার্থীদের মধ্যে ২৭ হাজার ৭৯৬ জন পুরুষ এবং ১৯ হাজার ২৩৮ জন নারী।

প্রতি বছরের মতো এবারও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ স্থানীয় প্রশাসনের সহযোগিতায় নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা নেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছেন। এছাড়াও বাউবি থেকে ভিজিল্যান্স টিম বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে দায়িত্ব পালন করবেন।

নারী হলের ওয়াশরুমে মোবাইল ফোন রেখে ভিডিও ধারণ, বিচার দাবিতে ক্লাস-পরীক্ষা বর্জন

উল্লেখ্য, গত ১৭ জুলাই ২০২৬ তারিখের স্থগিত বাংলা ১ম পত্র এবং বাংলা ২য় পত্র বিষয়ের পরীক্ষারসমূহের তারিখ পরবর্তীতে জানানো হবে এবং বাউবির ওয়েবসাইট www.bou.ac.bd থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।